

# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২২৭

১৩/ সাহু (كتاب السهو)

পরিচ্ছেদঃ ২২/ যে দু' রাকআতের পরে ভুলে সালাম ফিরিয়ে ফেলল এবং কথা বলে ফেলল সে কি করবে।

### আরবী

أَخْبَرَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، قَالَ حَدَّثَنَا يَزِيدُ، \_ وَهُوَ ابْنُ زُرِيْعٍ \_ قَالَ حَدَّثَنَا ابْنُ عَوْنِ، عَنْ مُحَمَّد بْنِ سِيرِينَ، قَالَ قَالَ أَبُو هُرَيْرَةَ صَلَّى بِنَا النَّبِيُّ صلى الله عليه وسلم إحْدَى صَلاَتَى الْعَشِيّ. قَالَ قَالَ أَبُو هُرَيْرَةَ وَلَكِنِّي نَسِيتُ \_ قَالَ \_ فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ فَانْطَلَقَ إِلَى خَشَبَةٍ مَعْرُوضَةٍ فِي الْمَسْجِدِ فَقَالَ بِيدِهِ عَلَيْهَا كَأَنَّهُ غَضْبَانُ وَخَرَجَتِ فَانْطَلَقَ إِلَى خَشَبَةٍ مَعْرُوضَةٍ فِي الْمَسْجِدِ فَقَالُ بِيدِهِ عَلَيْهَا كَأَنَّهُ غَضْبَانُ وَخَرَجَتِ السَّرَعَانُ مِنْ أَبُوابِ الْمَسْجِدِ فَقَالُوا قُصِرَتِ الصَّلاَةُ وَفِي الْقَوْمِ أَبُو بَكْرٍ وَعُمَرُ \_ رضى الله عنهما \_ فَهَابَاهُ أَنْ يُكَلِّمَاهُ وَفِي الْقَوْمِ رَجُلٌ فِي يَدَيْهِ طُولٌ قَالَ كَانَ يُسَمَّى ذَا الْيَدَيْنِ الله عنهما \_ فَهَابَاهُ أَنْ يُكَلِّمَاهُ وَفِي الْقَوْمِ رَجُلٌ فِي يَدَيْهِ طُولٌ قَالَ كَانَ يُسَمَّى ذَا الْيَدَيْنِ فَقَالَ يَا رَسُولَ اللّهِ أَنسِيتَ أَمْ قُصِرَتِ الصَّلاَةُ قَالَ " لَمْ أَنْسَ وَلَمْ تُقُصَرِ الصَّلاَةُ ". قَالَ فَقَالَ يَا رَسُولَ اللّهِ أَنسِيتَ أَمْ قُصِرَتِ الصَّلاَةُ قَالَ " لَمْ أَنْسَ وَلَمْ تُقُصَرِ الصَّلاَةُ ". قَالَ وَقَالَ يَا رَسُولَ اللّهِ أَنسِيتَ أَمْ وَفِي الْقَوْمِ رَجُلُ فِي عَدَيْهِ طُولٌ قَالَ كَانَ تَرَكَهُ ثُمَّ سَلَّمَ لَا الْيَدَيْنِ اللهِ فَعَمْرُ السَّهُ وَكَابَ تُكَمَّلُ اللهَ عَنْهَا لَا لَهُ وَلَا لَيْهِ أَلْ سُجُودِهِ أَوْ أَطُولَ ثُمَّ رَقْعَ رَأْسَهُ وَكَبَّرَ ثُمَّ سَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطُولَ ثُمَّ رَقْعَ رَأْسَهُ وَكَبَّرَ ثُمَّ سَجَدَ مِثْلُ سُجُودِهِ أَوْ أَطُولَ ثُمَّ مَا لَهُ مَا لَوْلَ اللّه عَلْمَا سَلْمُودِهِ أَوْ أَطُولَ ثُمَّ رَقْعَ رَأْسَهُ وَكَبَّرَ ثُمَّ سَجَدَ مِثْلُ سَجُودِهِ أَوْ أَطُولَ ثُمَّ مَا وَلَى اللهِ اللهِ عَلَى الله عليه الله عليه والله عليه الله عليه من المَالله عليه الله عليه المنا الله عليه عليه الله عليه من المُعْلَى الله عليه الله عليه في المُناسِلة عليه الله عليه الله عليه المناسِلة عليه الله عليه الله عليه الله عليه الله عليه الله عليه الله علي الله عليه الله

#### বাংলা

১২২৭। হুমায়দ ইবনু মাসআদা (রহঃ) ... আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সাথে অপরাহ্নের (যোহর ও আসর) দু'সালাতের এক সালাত আদায় করলেন। রাবী বলেন, আবৃ হুরায়রা (রাঃ) বলেছেন যে, তবে কোন সালাত তা আমি ভুলে গেছি। তারপর তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সহ দু'রাকআত সালাত আদায় করে সালাম ফিরিয়ে ফেললেন।

এরপর মসজিদে প্রস্থে রাখা একটি কাঠ খন্ডের দিকে অগ্রসর হয়ে তাতে ঠেস দিলেন যেন তিনি রাগান্বিত, আর সব কাজে অগ্রে থাকা সাহাবীগণ মসজিদের দরজা দিয়ে বের হয়ে গেলেন এবং বলতে লাগলেন, সালাত কি সংক্ষিপ্ত করা হয়েছে? তাঁদের মধ্যে আবূ বকর এবং উমর (রাঃ)-ও ছিলেন। তাঁরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে কথা বলতে সংকোচ বোধ করছিলেন। তাদের সঙ্গে আরো একজন সাহাবী ছিলেন যার হাত কিছটা লম্বা ছিল।



রোবী বলেন) তাঁকে যুল ইয়াদাইন (দু'হাত বিশিষ্ট) বলা হত। তিনি বললেন, -"ইয়া রাসুলাল্লাহ! আপনি কি ভুলে গেছেন না সালাত সংক্ষিপ্ত করা হয়েছে? রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি ভুলেও যাইনি এবং সালাত সংক্ষিপ্তও হয়নি। রাবী বলেন, তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সমবেত সাহাবীগণকে জিজ্ঞাসা করলেন, যুল ইয়াদাইন যা বলছে তা কি ঠিক? সাহাবীগণ বললেন, হ্যাঁ।

তারপর তিনি মসজিদে ফিরে আসলেন এবং যা ছুটে গিয়েছিল তা আদায় করে নিয়ে সালাম ফিরালেন এবং তাকবীর বলে পূর্বের মত বা তার চেয়েও দীর্ঘ একটা সিজদা করলেন। তারপর মাথা উঠিয়ে তাকবীর বললেন আবার তাকবীর বলে পূর্বের মত বা তার চেয়েও দীর্ঘ আরো একটা সিজদা করলেন। পরে মাথা উঠিয়ে তাকবীর বললেন।

## **English**

It was narrated that Muhammad bin Sirin said:

"Abu Hurairah said: 'The Prophet (ﷺ) led us in one of the nighttime prayers.'" He said: "Abu Hurairah said: 'But I forgot (which one).' He said: 'He led us in praying two rak'ahs, then he said the taslim and went to a piece of wood that was lying in the masjid and leaned his hand on it as if he was angry. Those who were in a hurry left the masjid, and said: "The prayer has been shortened." Among the people were Abu Bakr and 'Umar but they hesitated to ask him for they revere him. Also among the people was a man with long hands who was known as Dhul-Yadain. He said: O Messenger of Allah (ﷺ), did you forget or has the prayer been shortened? He said: I did not forget and the prayer has not been shortened. He said: Is it as Dhul-Yadain says? They said: yes. So he came and prayed what he had missed, then he said the salam, then he said the takbir and prostrated as usual or longer than that. Then he raised his head and said the takbir, and prostrated as usual or longer than that. Then he raised his head and said the takbir.'"

### ফুটনোট

সহিহ, ইবনু মাজাহ হাঃ ১২১৪, বুখারি হাঃ ৪৮২, মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ১১৭৬, ইরউয়াউল গালীল ২/১৩০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন